কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন : ৯১১৭৮৬২, ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫ ফ্যাক্স : ৮৮০-৯১২৭৫১৬,Email: ed@birtan.gov.bd, birtanoffice@gmail.comWeb: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.০৬.০০১.১৯-৫৯৯

তারিখঃ ২৩.০৩.২০২০ খ্রিঃ
০৯.১২.১৪২৬ বং

বিষয়: বারটান এর গবেষণাসহ অন্যান্য কার্যক্রম শক্তিশালীকরণের লক্ষ্যে দৃশ্যমান ভবিষ্যত কর্মপরিকল্পনা তৈরি প্রসঙ্গে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী আবুল কালাম
সভার তারিখ ও সময় : ১৫ মার্চ ২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : বারটান সম্মেলন কক্ষ
উপস্থিতির তালিকা : সংযুক্ত 'পরিশিষ্ট-ক'

১. **আলোচনা:** উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি এ বিষয়ে প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ যে প্রস্তাবসমূহ প্রেরণ করেছেন তা সভাকে অবহিত করার জন্য ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ফারজানা রহমান ভূঞা-কে অনুরোধ করেন। ফারজানা রহমান ভূঞা জানান যে, প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত মতামতের উপর ভিত্তি করে নিম্নোক্ত কার্যাবলী লিপিবদ্ধ করা হয়েছে:

- জনগনের পুষ্টি স্তর উন্নয়নের লক্ষ্যে পুষ্টি বিষয়ে যুগোপযোগী এবং মৌলিক গবেষণাসমূহ বারটান এর প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক কেন্দ্রে পরিচালনা করা যেতে পারে;
- পুষ্টি চাহিদা অনুযায়ী স্বাস্থ্যসম্মত নিরাপদ ও পুষ্টিকর খাদ্যের উৎপাদন বৃদ্ধি করা করা যেতে পারে;
- খর্বতা, ওজনস্বল্পতা ও অণুপুষ্টি ঘাটতি কমানোর জন্য স্থানীয়ভাবে উৎপন্ন পুষ্টিগুণসমৃদ্ধ খাদ্য ব্যবহার করে পুষ্টিসমৃদ্ধ খাদ্য প্রস্তুতি উদ্ভাবন ও প্রসারের জন্য গবেষণা ও জ্ঞানভিত্তিক উপকরণ সরবরাহ করা যেতে পারে;
- নিরাপদ, পুষ্টিকর ও বৈচিত্র্যপূর্ণ খাদ্য গ্রহণের মাধ্যমে অপর্যাপ্ত ভিটামিন ও খনিজ লবণ গ্রহণের ফলে সৃষ্ট অনুপুষ্টির ঘাটতি/ লুকায়িত ক্ষুধা (Hidden Hunger) সম্পর্কিত গবেষণা ও সচেতনতা বৃদ্ধি করা যেতে পারে;
- অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং খাদ্যাভ্যাস সম্পর্কিত নির্দেশনা প্রবর্ধনের মাধ্যমে স্বাস্থ্যসম্মত খাদ্যাভাস নিশ্চিতকরণ ও এ সম্পর্কিত গবেষণা;
- সকলের জন্য পুষ্টি নিশ্চিতকল্পে সামাজিক নিরাপত্তামূলক কাজের বিস্তারসাধন বিশেষ করে মা ও শিশুদের জন্য সুরক্ষিত খাদ্যসহ পুষ্টি-সংবেদনশীল সামাজিক সুরক্ষা বেষ্টনী কর্মসূচি (SSN) প্রবর্তন ও প্রবর্ধন;
- কৃষি ও পুষ্টির মধ্যে সম্পর্ক নিরূপণ, বিশেষত নারীদের ভূমিকা বিষয়ে বিভিন্ন গবেষণা কার্যক্রম পরিচালনা করা;

- বারটান প্রধান কার্যলয়সহ আঞ্চলিক কার্যালয়ে পুষ্টি ইউনিট প্রতিষ্ঠা করে জনগণের পুষ্টি সেবা নিশ্চিত করা যেতে পারে;
- জেলাভিত্তিক পুষ্টি বিষয়ক ডাটাবেজ তৈরি করা এবং এই ডাটাবেজ অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে পুষ্টি সেবা নিশ্চিত করা;
- বারটানের তত্ত্বাবধানে সারা বাংলাদেশের বিভিন্ন বয়স ও শ্রেণি পেশার মানুষের পুষ্টির অবস্থা নির্ণয়ে সঠিক ডাটাবেস তৈরির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;
- মা ও শিশুর পুষ্টিসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পর্যায়ে বারটানের তত্ত্বাবধানে মডেল মা সনাক্ত করে তাদের প্রশিক্ষণ দেয়া এবং এই মডেল মা'দের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলায় সকল মায়েদের নিয়ে একটি নেটওয়ার্ক তৈরি করা, যার মাধ্যমে মা ও শিশুর পুষ্টিসেবা নিশ্চিত করা যেতে পারে;
- কমিউনিটি ক্লিনিক এর মত ওয়ান স্টপ পুষ্টি সেবা কেন্দ্র স্থাপনের মাধ্যমে পুষ্টিসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দৌ যেতে পারে;
- কার্যালয়সমূহে আধুনিক যন্ত্রপাতি সমন্বিত ল্যাব স্থাপনার মাধ্যমে যেকোনো খাবারের পুষ্টি মান নিরূপণের ব্যবস্থা করা এবং খাদ্যে ভেজাল সনাক্তকরণের মাধ্যমে এ বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা তৈরি করা;
- জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা (এফএও, বিশ্ব খাদ্য কর্মসূচী, ইউনিসেফ) যারা পুষ্টি বিষয়ে কাজ করে থাকে তাদের সাথে যৌথভাবে কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করা;
- পুষ্টিমান বজায় রেখে সুষম খাদ্য নির্বাচন, প্রস্তুতকরণ ও সংরক্ষণে প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিকরণ;
- ৮ টি বিভাগীয় অফিসে ৮ টি আদর্শ পুষ্টি বাড়ি স্থাপন করা যেতে পারে;
- কৃষি মন্ত্রনালয় এ BIRTAN কে Nutrition এর Focal পয়েন্টে আনতে হবে;
- মাঠ কর্মীদের দ্বারা প্রত্যেক উপজেলায় একটি করে বাড়ি নির্বাচন করে ১২ মাসে পুষ্টির চাহিদা নিশ্চিতকরণের জন্য একটি আদর্শ পুষ্টি বাড়ি স্থাপন করা যেতে পারে;
- খাদ্যে ব্যবহৃত বিভিন্ন রং ও রাসায়নিক এর মাত্রা নির্ণয় ও এর ক্ষতি সম্পর্কে জনগণকে সচেতন যেতে পারে;
- 'স্ট্রিট ফুড' সম্পর্কিত গবেষণা জোরদারকরণ করা যেতে পারে;
- শিশু, প্রসূতি এবং বিভিন্ন বয়সের সুষম খাদ্য গ্রহণের (Diet) মাত্রা/পরিমাণ, রোগ প্রতিরোধী খাদ্য/পথ্য গ্রহণের (Diet) মাত্রা/পরিমাণ নির্ধারণ এবং খাদ্য গ্রহণ নির্দেশিকা প্রণয়ন, পুষ্টিমান বজায় রেখে খাদ্য প্রস্তুত ও রন্ধন পদ্ধতি বের করার গবেষণা;
- খাদ্য দ্রব্যের পুষ্টিমান বিশ্লেষণ/নিরূপণ বা হালনাগাদকরণ, প্রয়োজনীয় দৈনিক খাদ্য তালিকার (শিশু, প্রসূতি এবং বিভিন্ন বয়সের সুষম খাদ্য) Ingredient এর পুষ্টিমান, রোগ প্রতিরোধী খাদ্য তালিকার Ingredient এর পুষ্টিমান নিরূপণ;
- স্বল্প মূল্যে সুষম খাদ্য তৈরি;
- খাদ্যভিত্তিক রোগ ব্যবস্থাপনা;
- কৃষি মন্ত্রণালয়ের অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে অধিক পুষ্টি সমৃদ্ধ ফলসবজি নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা এবং নতুন জাত উদ্ভাবন;
- পুষ্টিগুণ ও ঔষধিগুণ আছে এমন শাকসবজি ও উদ্ভিদ নিয়ে কাজ করতে হবে;

- দেশীয় সকল ধরণের সবজি ও ফলের সংগ্রহ, সংরক্ষণ ও পুষ্টিমান নিরুপন এবং অধিক পুষ্টি সম্পন্ন গাছের সংখ্যা বৃদ্ধি ও উন্নয়ন করে জনগনের মধ্যে বিতরণ;
- অধিক পুষ্টিমান সম্পন্ন সবজি ও ফলের জার্মপ্লাজম সংগ্রহ করে পুষ্টিমান যাচাই করা;
- Probiotic food production;
- Postharvest loss reduce, ফুড প্রোসেসিং এর উপর গবেষণায় জোর দেয়া এবং বিভিন্ন মৌসুমে প্রয়োজনের অধিক উৎপাদনসহ বাজারজাতকরণের ব্যবস্থা করা এবং এর মাধ্যমে বারটানএর নিজস্ব আয়ের ব্যবস্থা করা;
- খাদ্য শস্যের সংগ্রহপূর্ব ও সংগ্রহোত্তর ক্ষয়-ক্ষতি হ্রাস ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ বিষয়ে প্রযুক্তি উদ্ভাবন ও গবেষণা;
- শাক-সবজি ও ফলমূলসহ বিভিন্ন খাদ্য সমাগ্রীর বহুমূখী ব্যবহারের উপর গবেষণা;
- ঔষধি গাছ নিয়ে গবেষণা ও দৈনিক খাদ্য তালিকায় অন্তর্ভূক্তকরণে আঞ্চলিক কেন্দ্রে একটি ইনসিটু সংরক্ষণ, কর্ণার স্থাপন, উন্নয়ন, সংখ্যাবৃদ্ধিকরণ ও সাধারণ মানুষের নিকট বিতরণ;
- স্বতন্ত্রভাবে এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা কর্ম বাস্তবয়ন এর মাধ্যমে বিভিন্ন ঔষধি গাছের (গাছ, পাতা, ছাল, ফল, ফুল, মূল ইত্যাদি) গুণাগুণ বিশ্লেষণ করা ও রোগ প্রতিরোধে ব্যবহারে পদ্ধতি বিষয়ে গবেষণা করা;
- পুষ্টি সম্পর্কিত বিভিন্ন ডকুমেন্টরি যেমন: বাউল গান, নাটিকা, গম্ভীরা তৈরি এবং এসব তথ্য-প্রযুক্তি দ্রুত প্রচারের জন্য জেলা তথ্য অফিস এবং কৃষি তথ্য সার্ভিসের মাধ্যমে হাট বাজারে প্রচারের ব্যবস্থা করা;
- প্রান্তিক জনগোষ্ঠী, শহরে সুবিধাবঞ্চিত বস্তিবাসীর পুষ্টির উন্নয়নে কাজ করা;
- সকল অঞ্চলে একটি করে উপজেলায় হোটেল-রেস্টুরেন্ট এর বাবুর্চি ও বয়দের নিরাপদ ও পুষ্টি সমৃদ্ধ খাবার রান্না ও পরিবেশন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা;
- BFSA এর সাথে পুষ্টি বিষয়ক কাজের জন্য MoU করা যেতে পারে;

❖ **পুষ্টির উপর জলবায়ুর প্রভাব বিষয়ক গবেষণা**

- বিরূপ পরিবেশে বসবাসকারী ও প্রান্তিক পর্যায়ে অবস্থানকারী জনগোষ্ঠীর জন্য বছরব্যাপী খাদ্য বিশেষ করে সবজী ও ফল (সতেজ / শুকনা) প্রাপ্তি নিশ্চিতকরণ ও প্রযুক্তি উদ্ভাবন;
- বিরূপ পরিবেশে বসবাসকারী ও প্রান্তিক পর্যায়ে অবস্থানকারী জনগোষ্ঠীর সুষম খাদ্যভাস পরিবর্তনের জন্য সচেতনতামুলক কাযক্রম ও গবেষণা;
- উল্লেখিত জনগোষ্ঠিকে পুষ্টি বিষয়ে সচেতন করার জন্য তথ্য প্রযুক্তি/মোবাইল ফোন এর এ্যাপস তৈরির মাধ্যমে অবহিতকরণ;
- বিরূপ পরিবেশে বসবাসকারী ও প্রান্তিক পর্যায়ে অবস্থানকারী জনগণকে সামাজিক যোগাযোগ-এর মাধ্যমে আচরণগত পরিবর্তন বিষয়ক উদ্ভাবনী টুলস প্রস্তুত ও ব্যবহার;

❖ **প্রাণিজ উৎসের পুষ্টিকর খাদ্য চিহ্নিতকরণ এবং নিরাপদতা নিশ্চিতকরণ**

মৎস্য শাখার কাজঃ

- স্বতন্ত্রভাবে এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা কর্ম বাস্তবায়নের মাধ্যমে পুকুর, মিনি পুকুর উন্মুক্ত জলাশয়, প্লাবন ভূমি, বিল ও হাওড় এলাকায় উন্নত ব্যবস্থার মাধ্যমে মৎস্য উৎপাদনের প্রযুক্তি উদ্ভাবন;
- মাছের পুষ্টিমান বজায় রেখে ধৌতকরণ, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ প্রভৃতি ক্ষেত্রে স্থায়িত্বকাল ও স্বল্প ব্যয় সাপেক্ষে প্রযুক্তি উদ্ভাবন বিষয়ে গবেষণা করা;
- নিরাপদ মাংস উৎপাদনের লক্ষ্যে ছাগল ও ভেড়ার খামার প্রতিষ্ঠা, জাত সংরক্ষণ, উন্নয়ন ও আয়বর্ধক হিসেবে প্রাতিষ্ঠানিক বাজারজাতকরণ;
- মাছের পুষ্টিকর খাদ্য উৎপাদনের উপর গবেষণা করা;

প্রাণিসম্পদ শাখার কাজঃ

- স্বতন্ত্রভাবে এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা কর্ম বাস্তবায়নের মাধ্যমে গবাদি পশু ও হাঁস মুরগী পালনের উপর গবেষণা করা;
- গাবাদি পশু ও হাঁস-মুরগী মাংসের পুষ্টিমান বজায় রেখে প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিষয়ে প্রযুক্তি উদ্ভাবন বিষয়ে গবেষণা করা;
- গবাদি পশু ও হাঁস-মুরগীর পুষ্টিকর খাদ্য উৎপাদনের উপর গবেষণা করা;

❖ **আইসিটি**

- চলমান ০১ দিন, ০৩ দিন এবং ০৫ দিনের প্রশিক্ষণসমূহের পৃথক অনলাইন ভিত্তিক প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা যেতে পারে;
- হিসাব শাখা, প্রশাসন শাখা সহ অন্যান্য সকল শাখার দাপ্তরিক কার্যক্রম অটোমেটেড করার লক্ষ্যে সফটওয়্যার সিস্টেমের মাধ্যমে করা যেতে পারে;
- পুষ্টিজ্ঞান সংক্রান্ত ইন্টারনেট ভিত্তিক নলেজ ব্যাংক (Knowledge Bank) প্রতিষ্ঠা;
- নাগরিক সেবা বৃদ্ধি পূর্বক সেবা সমূহ ডিজিটাল মাধ্যমে প্রদানের ব্যবস্থাগ্রহণ করা যেতে পারে;

❖ **প্রশিক্ষণ**

- ফলিত পুষ্টি ও খাদ্যবিজ্ঞান বিষয়ে ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা কোর্স এবং স্বল্পমেয়াদি (০৩ মাস) সার্টিফিকেট কোর্স চালু (কারিকুলাম ও সিলেবাস প্রণয়ন);
- শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টি সচেতনতা বিষয়ক ক্যাম্পেইনের বিস্তৃতি পর্যায়ক্রমে কলেজ এবং বিশ্ববিদ্যালয় পর্যন্ত প্রচলন;
- জাতীয় পাঠ্যক্রমে পুষ্টি সংক্রান্ত প্রয়োজনীয় বিষয়গুলো অন্তর্ভুক্ত করার জন্য পলিসি এডভোকেসি;
- প্রাথমিক মাধ্যমিক, মাদ্রাসা ও কৃষি ডিপ্লোমা শিক্ষায় পুষ্টি বিষয়সমূহ পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত, সংযোজন এবং হালনাগাদকরণ;
- শিশুদের পুষ্টির চাহিদা নিশ্চিতকরণের জন্য প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মায়েদের একদিনের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ দেয়া যেতে পারে।

২. **সিদ্ধান্ত:**

২.১. বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কর্তৃক পরিচালিত পুষ্টি বিষয়ক গবেষণা কার্যক্রম কি ধরণের হতে পারে সে বিষয়ে একটি সুচিন্তিত ও সমন্বিত মতামত গ্রহণ করার সুবিধার্থে পুষ্টি বিষয়ক গবেষণা কাজের সঙ্গে সম্পৃক্ত অংশীজনদের অংশগ্রহণের একটি কর্মশালার আয়োজন করা যেতে পারে;

২.২. বারটান কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম আরও অধিক কার্যকর করার নিমিত্ত কি ধরণের প্রশিক্ষণ ও কোন পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে সে বিষয়ে প্রশিক্ষণ কাজের সঙ্গে সম্পৃক্ত অংশীজনদের অংশগ্রহণের একটি কর্মশালার আয়োজন করা যেতে পারে; এবং

২.৩. উভয় কর্মশালার সুপারিশের ভিত্তিতে বারটান-এর ভবিষ্যত কার্যক্রম কি হতে পারে সে বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রস্তুত করতে হবে।

৩. আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৭/১৮

(কাজী আবুল কালাম)
পরিচালক (যুগ্মসচিব)
ও
সভাপতি